

দেশি গেইম 'হাতিরঝিল : ড্রিম বিগিনস' উন্মুক্ত

গেইম স্লাইডার প্রকাশঃ ৬:৪৯ অপরাহ্ন, মার্চ ২৪, ২০১৪- সর্বশেষ সম্পাদনাঃ ৭:৩৯ অপরাহ্ন, মার্চ ২৪, ২০১৪

টেক শহর কনটেন্ট কাউন্সিলর : দেশের প্রথম বাণিজ্যিক কম্পিউটার গেইম 'হাতিরঝিল : ড্রিম বিগিনস' আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে। সোমবার রাজধানীর আগারগাঁওয়ের বিসিসি ভবনে গেইমটির উদ্বোধন করেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ৭১টিভির ব্যবস্থাপনা পরিচালক মোজাম্মেল বাবু, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এর সাবেক সভাপতি মাহবুব জামান, গ্রে অ্যাডভারটাইজিং বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক গাউসুল আলম শাওন প্রমুখ।



অনুষ্ঠানে প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি বলেন, কম্পিউটার গেমস শুধু শিশুদের খেলার উপকরণ নয়। সারা বিশ্বের মতো বাংলাদেশেরও অধিকাংশ গেইমার কিশোর ও যুবক। আর এই বাস্তবতাকে সামনে রেখে একদল তরুণ বাংলাদেশে তৈরি ভিডিও গেইম আন্তর্জাতিক বাজারে ছড়িয়ে দিতে কাজ করছে। আর এই উদ্যোগকে সফল করতে সবাইকে এগিয়ে আসতে হবে।

- সংবাদ বিজ্ঞপ্তি থেকে তুহিন মাহমুদ

